# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৯৮. সাহাবীদের সৌভাগ্য

সাহাবীগণ বিভিন্নভাবে ধন্য হয়েছেন; তার মধ্যে একটি হলো যে, ওহীর মাধ্যমে তাদেরকে তাদের মর্যাদা জানিয়ে দেয়া হয়েছে। নিম্নোক্ত আয়াতটি-

১. আবু বকর (রাঃ) সম্বন্ধে নাযিল হয়েছে-

“আর শুদ্ধির জন্য তার সম্পদ দান করে।” (৯-সূরা তাওবাঃ আয়াত-১৭-১৮)

২. নিম্নোক্ত হাদীসে উমর (রাঃ) সম্বন্ধে শুভ সংবাদ দেয়া হয়েছে-

رأيت قصرا ابيض فى الجنة قلت لمن هذا القصر قيل لى لعمر بن الخطاب

ভাবার্থঃ “জান্নাতে আমি একটি সাদা প্রাসাদ দেখলাম। আমি জিজ্ঞাসা করলাম; এটি কার? আমাকে বলা হলোঃ এটি উমরের।”

৩. উসমান (রাঃ)-এর জন্য নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দোয়া করেছেন-

اللهم اغفر لعثمان ما تقدم من ذنبه وما تاخر

ভাবার্থঃ “হে আল্লাহ্! আপনি উসমানের আগে-পিছের সব পাপ ক্ষমা করে দিন।”

৪. আলী (রাঃ) সম্বন্ধে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিম্নোক্ত কথা বলেছেন-

رجُلٌ يحبُّ الله ورسوله ويُحبُّه الله ورسوله

ভাবার্থ” “(আলী) এমন লোক যিনি আল্লাহ ও তার রাসূলকে ভালোবাসেন এবং আল্লাহ্ ও তার রাসূলও তাকে ভালোবাসেন।”

৫. সা’দ ইবনে মুয়াজ সম্বন্ধে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

اهتز له عرش الرحمٰن

ভাবার্থঃ “পরম করুণাময়ের আরশ তার জন্য কেপে উঠেছে।”

৬. হানযালাহর (রাঃ) ইনতেকালের পর তার সম্বন্ধে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

غسلته ملائكة الرحمٰن

ভাবার্থঃ “পরম করুণাময়ের ফেরেশতারা তাকে গোসল দিয়েছে।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7806

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন